# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৬ষ্ঠ** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | **চতুর্থ অধ্যায়:** বাংলাদেশের জনসংখ্যা পরিচিতি | পাঠ –১ মহাদেশের ভৌগোলিক পরিচয়<br>২ ও ৩ – এশিয়া মহাদেশের ভৌগোলিক অবস্থান, আয়তন, ভূপ্রকৃতি ও জলবায়ু,<br>৪–এশিয়ার জনসংখ্যা, অর্থনীতি ও ধর্ম।<br>পাঠ – ৫ ও৬-এশিয়া মহাদেশে বাংলাদেশের অবস্থান।<br>পাঠ – ৭ ও ৮ পৃথিবীর মহাসাগরগুলোর অবস্থান ও গুরুত্ব।<br>পাঠ – ১ জনমিতির ধারণা।<br>পাঠ - ২, ৩ ও ৪ জনসংখ্যা পরিবর্তনে প্রভাব বিস্তারকারী উপাদান।<br>পাঠ - ৫, ৬– জন্মহার তারতম্যের কারণ ও প্রভাব<br>৭- মৃত্যুহার তারতম্যের কারণ ও প্রভাব।<br>পাঠ- ৮ স্থানান্তর তারতম্যের কারণ ও প্রভাব। | জন্ম ও মৃত্যুহার তারতম্যের বিভিন্ন কারণের সাথে মিল রেখে একটি সচিত্র পোস্টার উপস্থাপন করো। পোস্টারে প্রতিটি চিত্রের পাশে তার কারণ ও প্রভাব সংক্ষেপে লিখতে হবে। | ১। শিক্ষার্থী হাতে আকঁবে অথবা ছবি সংযোগ করতে পারবে<br><br>২। রংতুলির ব্যবহার করতে পারবে<br><br>৩। পাঠ্যবই এবং প্রয়োজনীয় তথ্য অনুসরণ করবে। | অতি উত্তম:<br>১। অন্তত ১০টি সংশ্লিষ্ট চিত্র উপস্থাপন<br>২। ১০টি কারণ ও তার প্রভাব সঠিকভাবে উল্লেখ<br>৩। বাক্য গঠন সাবলিল<br>৪। উপস্থাপন শৈলি আকর্ষণীয়: ছবি রঙিন ও বৈচিত্র্যময়<br><br>উত্তম:<br>১। অন্তত ০৮টি সংশ্লিষ্ট চিত্র উপস্থাপন<br>২। ০৮টি কারণ ও তার প্রভাব সঠিকভাবে উল্লেখ<br>৩। বাক্য গঠন মোটামুটি সাবলিল<br>৪। উপস্থাপন শৈলি ভালো: ছবি রঙিন ও বৈচিত্রময়<br><br>ভালো:<br>১। অন্তত ০৬টি সংশ্লিষ্ট চিত্র উপস্থাপন<br>২। ০৬টি কারণ ও তার প্রভাব সঠিকভাবে উল্লেখ<br>৩। বাক্য গঠন আংশিক সাবলিল<br>৪। উপস্থাপন শৈলি আংশিক ভালো<br><br>অগ্রগতি প্রয়োজন:<br>১। সংশ্লিষ্ট চিত্র উপস্থাপনে অসংগতি<br>২। সংশ্লিষ্ট কারণ ও তার প্রভাব সঠিকভাবে উপস্থাপনের অভাব<br>৩। বাক্য গঠন অসংগতিপূর্ণ<br>৪। দুর্বল উপস্থাপন |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৭ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | **চতুর্থ অধ্যায়:** বাংলাদেশের অর্থনীতি | পাঠ-১: বাংলাদেশের গ্রাম ও শহরের অনানুষ্ঠানিক অর্থনৈতিক কার্যাবলি<br>পাঠ-২: বাংলাদেশের শিল্প<br>পাঠ-৩: বাংলাদেশের আমদানি ও রপ্তানি<br>পাঠ-৪: কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প | ৪. তোমার দেখা ছয়টি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম উল্লেখ কর। সে কাজগুলো কেন অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজ তা ব্যাখ্যা কর। এর মধ্যে থেকে যেকোন একটি কাজ উল্লেখ করে কীভাবে সম্পাদিত হয় তার বিবরণ দাও। তোমার জীবনের উপর উক্ত কাজটি কী ধরনের প্রভাব ফেলে তা উল্লেখ কর।<br><br>এই নির্ধারিত কাজটি করার সময় নিম্নলিখিত বিষয়গুলো বিবেচনায় নিতে হবে-<br>ক. অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম সুনির্দিষ্ট করবে।<br>খ. অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের ব্যাখ্যা প্রদান করবে।<br>গ. সম্পাদিত কাজটি উল্লেখপূর্বক নিজের জীবনে প্রভাবিত রূপটি তুলে ধরবে। | | **ক. অতি উত্তম ঃ**<br>১. শিক্ষার্থী ছয়টি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম ও ব্যাখ্যা নির্ভুল প্রদান করবে।<br>২. সম্পাদিত কাজটির প্রক্রিয়াগুলো পর্যায়ক্রমিক লিখবে।<br>৩. শিক্ষার্থীর নিজ জীবনের উপর প্রভাব সৃষ্টিকারী অনানুষ্ঠানিক কাজটির তিনটি ক্ষেত্র তুলে ধরবে।<br>৪. নির্ধারিত কাজটি সুগঠিত, নির্ভুল বানান ও বাক্যে লেখা হবে।<br>**খ. উত্তম ঃ**<br>১. শিক্ষার্থী চারটি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম ও আংশিক ব্যাখ্যা প্রদান করবে।<br>২. সম্পাদিত কাজটির প্রক্রিয়াগুলো পর্যায়ক্রমিক লিখবে।<br>৩. শিক্ষার্থীর নিজ জীবনের উপর প্রভাব সৃষ্টিকারী অনানুষ্ঠানিক কাজটির দুটি ক্ষেত্র তুলে ধরবে।<br>৪. নির্ধারিত কাজটি সুগঠিত, নির্ভুল বানান ও বাক্যে লেখা হবে।<br>**গ. ভালো ঃ**<br>১. শিক্ষার্থী দুটি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম ও ব্যাখ্যা আংশিক প্রদান করবে।<br>২. সম্পাদিত কাজটির বর্ণনায় ধারাবাহিকতার অভাব রয়েছে।<br>৩. শিক্ষার্থীর নিজ জীবনের উপর প্রভাব সৃষ্টিকারী অনানুষ্ঠানিক কাজটির একটি ক্ষেত্র তুলে ধরবে।<br>৪. নির্ধারিত কাজটি আংশিক সুগঠিত, কিছু বানান ও বাক্যে ভুল লেখা হলে।<br>**ঘ. অগ্রগতি প্রয়োজন ঃ**<br>১. শিক্ষার্থী একটি অনানুষ্ঠানিক অর্থনৈতিক কাজের নাম ও ব্যাখ্যা অস্পষ্ট প্রদান করবে।<br>২. সম্পাদিত কাজটির বর্ণনায় ধারাবাহিকতার অভাব রয়েছে।<br>৩. শিক্ষার্থীর নিজ জীবনের উপর প্রভাব সৃষ্টিকারী অনানুষ্ঠানিক কাজটির একটি ক্ষেত্র তুলে ধরবে।<br>৪. নির্ধারিত কাজটি কিছু বানান ও বাক্যে ভুল লেখা হলে। |

# কোভিড-১৯ পরিস্থিতিতে ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যসূচির ভিত্তিতে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

**শ্রেণি: ৮ম** **বিষয়: বাংলাদেশ ও বিশ্বপরিচয়**

| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম | অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু | অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ | নির্দেশনা | মূল্যায়ন রুব্রিক্স |
|---|---|---|---|---|---|
| অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-৪ | **নবম অধ্যায় :** বাংলাদেশের জনসংখ্যা ও উন্নয়ন | পাঠ ১- বাংলাদেশের জনসংখ্যানীতি<br><br>পাঠ ২-জনসংখ্যা নিয়ন্ত্রণে সরকারি ও বেসরকারি কর্মসূচি<br><br>পাঠ ৩- জনসংখ্যার সাথে জনসম্পদের সম্পর্ক<br><br>পাঠ ৪- জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের কৌশল | কোভিড পরিস্থিতির কারণে চাকুরীচ্যুত/ কর্মসংস্থান হারানো জনসম্পদের উপার্জন অব্যাহত রাখার উপায় নির্ধারণ সম্পর্কিত একটি প্রতিবেদন লিখ।<br><br>**<u>সংকেত</u>**<br>১। জনসম্পদের ব্যাখ্যা<br>২। নিজ পরিবার/এলাকা/ ইন্টারনেট থেকে তথ্য সংগ্রহ (কোভিডে কতজন চাকুরী হারিয়েছে, কোন পেশার কর্মসংস্থান প্রায় বন্ধ হয়েছে, কোন দক্ষতা থাকলে এই সময়েও উপার্জন করতে পারতো ইত্যাদি)<br>৩। কোভিড পরিস্থিতিতে উক্ত পেশার বিকল্প সংস্থান কী কী হতে পারত<br>৪। জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তর করার জন্য নিজ এলাকায় সরকারি ও বেসরকারি পর্যায়ে গৃহিত উদ্যোগ<br>৬। কী কী বিশেষ প্রশিক্ষণ থাকলে যে কোনো পরিস্থিতিতে উপার্জন অব্যাহত রাখা সম্ভব হতে পারে | ১। পাঠ্যপুস্তক থেকে জনসংখ্যার সাথে জন সম্পদের সম্পর্ক, জনসংখ্যাকে জন সম্পদে রূপান্তরের কৌশল ভালোভাবে পড়তে হবে।<br>২। নিজ পরিবার , আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধবদের সাথে (সশরীরে/মোবাইলে/ টেলিফোনে/অনলাইনে) কথা বলে তথ্য পেতে পারে।<br>৩। স্বাস্থ্যবিধি মেনে সম্ভব হলে চাকুরি হারিয়েছে এমন কারো সাথে কথা বলতে পারে ( কেসস্টাডিও হতে পারে)।<br>৪। ইন্টারনেট, গণমাধ্যম থেকে এ বিষয়ের তথ্য সংগ্রহ করতে পারে।<br>৫। পরিবারের বয়স্ক সদস্যদের সাথে আলাপচারিতা মাধ্যমে সরকারি ও বেসরকারি উদ্দ্যোগের তথ্য সংগ্রহ করতে পারে। | **অতি উত্তম:**<br>১) পরিপূর্ণমাত্রায় তথ্য, বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২) পূর্ণ দক্ষতার সাথে কেসস্টাডির নমুনা ... ও তথ্য সংগ্রহ করা<br>৩) সমস্যা সমাধানে কৌশলী ও টেকসই প্রস্তাব প্রণয়ন<br>৪) উপস্থাপনায় লক্ষণীয় মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা<br>**উত্তম:**<br>১) অধিকাংশ ক্ষেত্রে বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতা রক্ষা<br>২) পূর্ণ দক্ষতার সাথে কেসস্টাডির নমুনা ও তথ্য সংগ্রহ করা<br>৩) সমস্যা সমাধানে কৌশলী কিন্তু আংশিক টেকসই প্রস্তাব প্রণয়ন<br>৪) উপস্থাপনায় অধিকাংশ ক্ষেত্রে নিজস্বতা ও সৃজনশীলতা<br>**ভালো:**<br>১) বিষয়বস্তুর যথার্থতা থাকলেও ধারাবাহিকতার অভাব<br>২) আংশিক দক্ষতার সাথে কেসস্টাডির নমুনা ও তথ্য সংগ্রহ করা<br>৩) সমস্যা সমাধানে কৌশলী কিন্তু টেকসই নয় এরকম প্রস্তাব প্রণয়ন<br>৪) উপস্থাপনায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা<br>**অগ্রগতি প্রয়োজন:**<br>১) বিষয়বস্তুর যথার্থতা ও ধারাবাহিকতার অভাব<br>২) কেসস্টাডির নমুনা ও তথ্য সংগ্রহে দক্ষতার অভাব<br>৩) সমস্যা সমাধানে কৌশলী কিন্তু টেকসই প্রস্তাব প্রণয়নের অভাব<br>৪) উপস্থাপনায় নিজস্বতা ও সৃজনশীলতার অনুপস্থিতি |